

# বাংলামোটর মোড় অবরোধ করলেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ‘বঞ্চিত’ শিক্ষার্থীরা



রূপায়ন টাওয়ারের সামনের সড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। ছবি: সংগৃহীত

সমকাল প্রতিবেদক

প্রকাশ: ২৬ ফেব্রুয়ারি ২০২৫ | ২৩:০৬



রাজধানীর বাংলামোটর এলাকার রূপায়ন টাওয়ারের সামনের সড়ক অবরোধ করে বিক্ষোভ করছেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ‘বঞ্চিত’ শিক্ষার্থীরা।

আজ বুধবার রাত পৌনে ১০টার দিকে তারা সড়কটি অবরোধ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) ক্যাম্পাসে আজ বিকেলে ‘গণতান্ত্রিক ছাত্র সংসদে’র কমিটি ঘোষণার আগেও সেখানে বিক্ষোভ করেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

তাদের অভিযোগ, জুলাই আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখলেও, নতুন ছাত্র সংগঠনে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বঞ্চিত করা হচ্ছে। তাদের সেই বিক্ষোভের মধ্যেই মধুর ক্যান্টিনের ভেতরে ঢুকে গণতান্ত্রিক ছাত্র সংসদের আহ্বায়ক কমিটি ঘোষণা করা হয়।

এরই জেরে রাত ৮টার দিকে বাংলামোটর এলাকায় একত্রিত হন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। তারা রাত পৌনে ১০টার দিকে সড়কটি অবরোধ করেন।

বাংলামোটর মোড় অবরোধকারীদের একজন বেসরকারি বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী মাসরাফি সরকার বলেন, ‘গণঅভ্যুত্থানের সময় আমরা সক্রিয় ভূমিকা পালন করেছি, ৯ দফার ক্ষেত্রে আমাদের সক্রিয় ভূমিকা ছিল। অথচ, এখন সব কমিটি করা হচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয়কেন্দ্রিক। এটা হয় না, এটা অনেক বড় বৈষম্য।’

তিনি বললেন, ‘আমরা এসব কথা বললে অনেকে বলে, আমরা বিদ্রোহী। কিন্তু, তা নয়। আমরা কেবল হক কথা বলছি।’

‘বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন’ থেকে আত্মপ্রকাশ করা নতুন ছাত্র সংগঠন ‘বাংলাদেশ গণতান্ত্রিক ছাত্র সংসদে’র কমিটিতে আহ্বায়ক করা হয়েছে ঢাবির ভূতত্ত্ব বিভাগের চতুর্থ বর্ষের শিক্ষার্থী আবু বাকের মজুমদারকে। সিনিয়র যুগ্ম আহ্বায়ক করা হয়েছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তোহিদ সিয়ামকে।

নতুন এই ছাত্র সংগঠনের স্লোগান ঠিক করা হয়েছে ‘শিক্ষা ঐক্য মুক্তি’।

কেন্দ্রীয় কমিটিতে সদস্যসচিব হিসেবে আছেন জাহিদ আহসান, সিনিয়র সদস্যসচিব রিফাত রশীদ, মুখ্য সংগঠক তাহমিদ আল মুদ্দাসসির চৌধুরী, মুখপাত্র আশরেফা খাতুন।